

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত জেলা প্রশাসক, মাদারীপুর (সার্বিক)

ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়

স্মারক নং ০৫.৪১.৫৪০০.১০২.০৫.০১৪.২৪-৩২

তারিখঃ ১৯ চৈত্র ১৪৩০  
০২ এপ্রিল ২০২৪ খ্রি.

**গণ-বিজ্ঞপ্তি**

যেহেতু, মাননীয় নির্বাচন কমিশন এতদ্বারা স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী ০২ এপ্রিল ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫ ২৪-১৪৭ এর মাধ্যমে মাদারীপুর জেলার কালকিনি উপজেলা পরিষদ এর চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্ন বর্ণিত সময়সূচী ধার্য করে প্রজ্ঞাপন জারী করেছেনঃ

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	২১ এপ্রিল ২০২৪ ০৮ বৈশাখ ১৪৩১	রবিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২৩ এপ্রিল ২০২৪ ১০ বৈশাখ ১৪৩১	মঙ্গলবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২৪-২৬ এপ্রিল ২০২৪ ১১-১৩ বৈশাখ ১৪৩১	বুধবার-শুক্রবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৭-২৯ এপ্রিল ২০২৪ ১৪-১৬ বৈশাখ ১৪৩১	শনিবার-সোমবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	৩০ এপ্রিল ২০২৪ ১৭ বৈশাখ ১৪৩১	মঙ্গলবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০২ মে ২০২৪ ১৯ বৈশাখ ১৪৩১	বৃহস্পতিবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২১ মে ২০২৪ ০৭ জ্যৈষ্ঠ ১৪৩১	মঙ্গলবার

ভোটগ্রহণের সময়সীমাঃ সকাল ৮.০০ টা হইতে বিকাল ৪.০০ টা পর্যন্ত ব্যালটের মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। এক্ষেপে, সেহেতু আমি নুসরাত আজমেরী হক, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাদারীপুর ও রিটার্নিং অফিসার, কালকিনি উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪, উক্ত বিধিমালার বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারী করছি যে, কালকিনি উপজেলা পরিষদ এর চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ২১ এপ্রিল ২০২৪/০৮ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন সময় অনলাইনে মনোনয়নপত্র দাখিল করা যাবে।

৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েব সাইটে ([www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)) প্রবেশ করে বাম পাশে ম্যানুবারে “অনলাইনে মনোনয়নপত্র দাখিল” লিংকে মনোনয়নপত্র দাখিল করতে হবে।

তারিখ : ০ ২ দিন ০ ৪ মাস ২ ০ ২ ৪ বৎসর

০২/০৪/২০২৪  
(নুসরাত আজমেরী হক)  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাদারীপুর  
ও  
রিটার্নিং অফিসার  
কালকিনি উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪  
ফোনঃ ০১৯৫৮০৫৫৬০২

স্মারক নং ০৫.৪১.৫৪০০.১০২.০৫.০১৪.২৪-

তারিখঃ ১৯ চৈত্র ১৪৩০  
০২ এপ্রিল ২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা
- ৫। জেলা প্রশাসক, মাদারীপুর
- ৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর
- ৭। পুলিশ সুপার, মাদারীপুর
- ৮। জেলা নির্বাচন অফিসার, মাদারীপুর
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি ও, মাদারীপুর ও সহকারী রিটার্নিং অফিসার (গণ-বিজ্ঞপ্তি উপজেলার জনবহুল স্থানে ব্যাপক প্রচার করার অনুরোধসহ)
- ৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, মাদারীপুর
- ১০। জেলা তথ্য অফিসার, মাদারীপুর (গণ-বিজ্ঞপ্তি উপজেলার জনবহুল স্থানে ব্যাপক প্রচার করার অনুরোধসহ)
- ১১। উপজেলা নির্বাচন অফিসার, কালকিনি, মাদারীপুর
- ১২। অফিসার ইন-চার্জ, কালকিনি, মাদারীপুর
- ১৩। নোটিশ বোর্ড।

০২/০৪/২০২৪  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাদারীপুর  
ও  
রিটার্নিং অফিসার  
কালকিনি উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪